

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩০৪৯

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর ৫০/

পরিচ্ছেদঃ সূরা আল-মাইদা

بَابُ: وَمِنْ سُورَةِ الْمَائِدَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ، عَنْ عُمَرَ بْنِ شُرْحَبِيلَ أَبِي مَيْسَرَةَ، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، أَنَّهُ قَالَ اللَّهُمَّ بَيْنَ لَنَا فِي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ فَنَزَلَتْ الَّتِي فِي الْبَقَرَةِ : (يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ) الْآيَةَ فَدُعِيَ عُمَرُ فَقُرِئَتْ عَلَيْهِ فَقَالَ اللَّهُمَّ بَيْنَ لَنَا فِي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ فَنَزَلَتْ الَّتِي فِي النَّسَاءِ أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرَبُوا الصَّلَاةَ وَأَنْتُمْ سُكَارَى) فَدُعِيَ عُمَرُ فَقُرِئَتْ عَلَيْهِ فَقَالَ اللَّهُمَّ بَيْنَ لَنَا فِي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ فَنَزَلَتْ الَّتِي فِي الْمَائِدَةِ : (إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُوقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ) إِلَى قَوْلِهِ فَهَلْ أَنْتُمْ مُنْتَهُونَ) فَدُعِيَ عُمَرُ فَقُرِئَتْ عَلَيْهِ فَقَالَ انْتَهَيْنَا انْتَهَيْنَا . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُوِيَ عَنْ إِسْرَائِيلَ هَذَا الْحَدِيثُ مُرْسَلٌ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي مَيْسَرَةَ، عَنْ عُمَرَ بْنِ شُرْحَبِيلَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، قَالَ اللَّهُمَّ بَيْنَ لَنَا فِي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ . فَذَكَرَ نَحْوَهُ وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ مُحَمَّدِ بْنِ يُوسُفَ .

বাংলা

৩০৪৯. আবদুল্লাহ্ ইবন আবদুর রহমান (রহঃ) উমর ইবন খাতাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বললেনঃ হে আল্লাহ! মদের বিষয়ে আমাদের পরিপূর্ণ এবং সুস্পষ্ট বিবরণ দিন। তখন আল্লাহ তা'আলা সূরা বাকারার আয়াতটি নাযিল করলেনঃ (يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ) লোকেরা আপনাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বলুন, উভয়ের মধ্যে মহাপাপ শেষ পর্যন্ত (২ঃ ২১৯)।

উমর রাদিয়াল্লাহু আনহু-কে ডেকে এই আয়াতটি তিলাওয়াত করে শোনান হল। তিনি বললেনঃ হে আল্লাহ! আমাদেরকে মদের বিষয়ে আরো সুস্পষ্ট ও পরিপূর্ণ বিবরণ দিন। তখন সূরা নিসার এই আয়াতটি নাযিল হলঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرُبُوا الصَّلَاةَ وَأَنْتُمْ سُكَارَىٰ

হে মু'মিনগণ! তোমরা মদ্য নেশাগ্রস্ত অবস্থায় সালাতের নিকটবর্তী হবে না। (৪ঃ৪৩)

উমর রাদিয়াল্লাহু আনহু-কে ডেকে আনা হল এবং তাঁকে এই আয়াতটি তিলাওয়াত করে শোনান হল। তিনি বললেনঃ হে আল্লাহ! মদের বিষয়ে আরো পরিষ্কার নির্দেশ দিন। তখন সূরা মাইদার এই আয়াতটি নাযিল হয়ঃ

إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُوقَعَ بَيْنَكُمْ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ إِلَىٰ قَوْلِهِ فَهَلْ أَنْتُمْ مُنْتَهُونَ

শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ ঘটাতে চায় এবং তোমাদেরকে আল্লাহর স্মরণে ও সালাতে বাধা দিতে চায়। তবে কি তোমরা নিবৃত্ত হবে না? (৫ঃ ৯১) উমর রাদিয়াল্লাহু আনহু-কে ডেকে তাঁকে এটি তিলাওয়াত করে শোনান হল। তিনি বললেনঃ চুড়ান্ত হয়েছে, চুড়ান্ত হয়েছে।

সহীহ, সহীহাহ ২৩৪৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৪৯ [আল মাদানী প্রকাশনী]

ইসরাঈল (রহঃ) সূত্রে এটি মুরসাল রূপেও বর্ণিত আছে। মুহাম্মাদ ইবনুল আলা (রহঃ) ... আবু মায়সারা (রহঃ) থেকে বর্ণিত যে, উমর উবনুল খাতাব রাদিয়াল্লাহু আনহু বলেছিলেনঃ হে আল্লাহ! মদের বিষয়ে আমাদের সুস্পষ্ট ও পরিপূর্ণ বিবরণ দিয়ে দিন। এরপর তিনি উক্তরূপ বর্ণনা করেছেন। এটি মুহাম্মাদ ইবন ইউসুফ (রহঃ) এর রিওয়ায়ত (৩০৪৯ নং) থেকে অধিক সহীহ।

English

Narrated 'Amr bin Shurahbil [Abu Maisarah]:
from 'Umar bin Al-Khattab, that he said: "O Allah! Make the verdict concerning Khamr sufficiently clear for us!" So (the Ayah) in Al-Baqarah was revealed: They ask you concerning Khamr and gambling. Say: "In them is a great sin (2:219)." So 'Umar was called, and it was recited to him, so he said: "O Allah! Make the verdict concerning Khamr sufficiently clear for us!" So (the Ayah) in An-Nisa was revealed: 'O you who believe! Approach not As-Salat while you are in a drunken state (4:43).' So 'Umar was called and it was recited him, so he said "O Allah! Make the verdict concerning Khamr sufficiently clear for us!" So (the Ayah) in Al-Ma'idah was revealed: Shaitan only wants to excite enmity and hatred between you with Khamr and gambling...' up to His saying: 'So will you not then abstain (5:91).' So 'Umar was called and it was recited to him, so he said: 'We abstained, we abstained.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38401>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন